


## ইংরেজি থেকে চীনা ভাষায় রূপান্তরের সফটওয়্যার আনল মাইক্রোসফট

*কমপিউটার জগৎ ডেস্ক ॥* ইংরেজি কথাকে তাৎক্ষণিকভাবে চীনা ভাষায় রূপান্তর করে শোনাবে মাইক্রোসফটের তৈরি ভয়েজ ট্রান্সলেটর সফটওয়্যার। সম্প্রতি সফটওয়্যার জায়ান্ট মাইক্রোসফট ইংরেজিতে ব্যক্ত কথাগুলো তাৎক্ষণিক চীনা ভাষায় অনুবাদ করে শোনানোর সফটওয়্যারটির ডেমো দেখায়। এ সময় মাইক্রোসফটের রিসার্চ অফিসার রিক রশিদ চীনের তিয়ানজিন প্রদেশে উপস্থাপিত বক্তব্যের বিস্তারিত একটি ব্লগপোস্টে তুলে ধরেন। সেখানে তিনি কয়েক মিনিট ইংরেজি ভাষায় কথা বলে তাকে তাৎক্ষণিক ট্রান্সলেশন সিস্টেমের মাধ্যমে চীনা ভাষায় অনুবাদ করে শোনান। খবর বিবিসি অনলাইনের।

মাইক্রোসফটের তৈরি নতুন এ সফটওয়্যারটি একজন অরিজিনাল বক্তার মতো চীনা ভাষায় অনুবাদ করে উপস্থাপন করতে সক্ষম হয়। এ বিষয়ে মাইক্রোসফট বলছে, তাৎক্ষণিক ট্রান্সলেশন সিস্টেমের মাধ্যমে ইংরেজি ভাষা প্রয়োগের সময় ভাষাগত সমস্যা বা ত্রুটি সহজেই বোঝা যাবে। প্রতিষ্ঠানটি আরও জানায়, এ সফটওয়্যারটি আমাদের ব্রেনের কার্যক্ষমতা বাড়ানোর একটি মডেল হিসেবে কাজ করবে ◆

## ২০১৩ সালে আসছে বাঁশের তৈরি স্মার্টফোন

*কমপিউটার জগৎ ডেস্ক ॥* ব্রিটিশ প্রযুক্তি প্রতিষ্ঠান অ্যাডজিরো ব্যতিক্রমধর্মী কিছু প্রযুক্তিপণ্য বিশ্ববাসীকে তাক লাগিয়ে দিয়েছে। এরই ধারাবাহিকতায় পূর্ব ঘোষণা অনুযায়ী সম্প্রতি লন্ডনে আয়োজিত ড্রয়েডকন ইভেন্টে বাঁশের তৈরি স্মার্টফোন তৈরির বিস্তারিত প্রকাশ করেছে। অ্যাডজিরো স্মার্টফোনটি তৈরিতে ব্যবহার করেছে প্রক্রিয়াজাতকৃত জৈবিক বাঁশ। ১৬ জিবি মেমরিসমৃদ্ধ স্মার্টফোনটিতে আছে ৮ মেগাপিক্সেল ক্যামেরা আর ১.৪ গিগাহার্টজের স্যামসাং এক্সিনোস কোয়াড-কোর প্রসেসর। আর স্মার্টফোনটি চলবে গুগলের অ্যান্ড্রয়েড আইসক্রিম স্যান্ডউইচ অপারেটিং সিস্টেমে। আর্থিক সঙ্কটের কারণে অ্যাডজিরো স্মার্টফোনটি পুরোপুরি বাণিজ্যিকভাবে তৈরি করতে পারছে না। আর্থিক সঙ্কট কাটিয়ে ওঠার লক্ষ্যে অনলাইন ফান্ডিং প্লাটফর্ম কিকস্টার্টারে নতুন প্রজেক্ট চালু করার ঘোষণা দিয়েছে প্রতিষ্ঠানটি। প্রাথমিক অবস্থায় স্মার্টফোনটির দাম ৭০০ ডলার নির্ধারণ করলেও প্রজেক্টটি অর্থায়নে অংশ নেয়া দাতারা স্মার্টফোনটি পাবেন ৫০০ ডলারের বিনিময়ে ◆




## চার কোটি ব্যবহারকারী ছাড়াল উইন্ডোজ ৮

*কমপিউটার জগৎ ডেস্ক ॥* সফটওয়্যার জায়ান্ট মাইক্রোসফটের সর্বশেষ অপারেটিং সিস্টেম উইন্ডোজ ৮ বাজারে ছাড়ার এক মাস পর এর লাইসেন্স বিক্রি চার কোটি ছাড়াল। এ সংখ্যা উইন্ডোজ ৭-এর প্রায় সমান বলেই এক ঘোষণায় জানিয়েছে মাইক্রোসফট। এ বিষয়ে মাইক্রোসফটের উইন্ডোজ ডিভিশনের মুখপাত্র টামি রেলার জানান, ক্রেতাদের সাড়া খুবই ভালো। উইন্ডোজের পুরনো ভার্সন থেকে উইন্ডোজ ৭-এ আপগ্রেডের হারও ছাড়িয়ে গেছে। তবে বাজার গবেষণা প্রতিষ্ঠান গার্টনার জানিয়েছে, বছর শেষে উইন্ডোজ ৮-এর বিক্রি উইন্ডোজ ৭-এর তুলনায় শতকরা ৬ ভাগ কম হতে পারে। বাজার বিশ্লেষকদের মতে, উইন্ডোজ ৮ বাজারে ছাড়া হয়েছে পশ্চিমা দেশগুলোর ছুটির মৌসুম সামনে রেখে। তাই স্বাভাবিকভাবেই সামনে এর বিক্রি বাড়ার কথা। তবে তা পরে কমে আসবে বলে ধারণা করছেন তারা। তবে রেলার বলছেন অন্য কথা। তার মতে, উইন্ডোজ ৮ চালানোর উপযোগী টাচস্ক্রিনযুক্ত পিসির অভাব ও উইন্ডোজ স্টোর অ্যাপের স্বল্পতা অপারেটিং সিস্টেমটির বড় বাধা ◆

## নতুন আইপ্যাডের তিন দিনে বিক্রি ৩০ লাখ!

*কমপিউটার জগৎ ডেস্ক ॥* বাজারজাত শুরুর প্রথম ৩ দিনে ৩০ লাখ ইউনিট নতুন আইপ্যাড বিক্রি করেছে অ্যাপল। সম্প্রতি অ্যাপল কর্তৃপক্ষ জানিয়েছে, বিক্রি শুরুর প্রথম সপ্তাহের প্রথম তিন দিনে ওয়াই-ফাই মডেলের ৭.৯ ইঞ্চি মাপের আইপ্যাড মিনি ও চতুর্থ প্রজন্মের ৯.৭ ইঞ্চি মাপের আইপ্যাড বিক্রি হয়েছে। এই বিক্রির হার গত মার্চে বাজারে আনা আইপ্যাডের তুলনায় দ্বিগুণ। প্রতিযোগিতার এ বাজারে নতুন আইপ্যাড বিক্রির অভাবনীয় সাফল্য অ্যাপলকে অনেকটাই এগিয়ে রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন প্রযুক্তি বিশ্লেষকেরা ◆



## অ্যাসোসিও'র চেয়ারম্যান নির্বাচিত হলেন আবদুল্লাহ এইচ কাফী



*কমপিউটার জগৎ রিপোর্ট ॥* এশিয়ান ওশেনিয়ান অঞ্চলের তথ্যপ্রযুক্তির প্রধান সংগঠন এশিয়ান ওশেনিয়ান কমপিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশনের (অ্যাসোসিও) ২০১২-১৩ মেয়াদের জন্য প্রথম বাংলাদেশী হিসেবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন আবদুল্লাহ এইচ কাফী। বাংলাদেশ কমপিউটার সমিতির মনোনীত প্রার্থী আবদুল্লাহ এইচ কাফী গত ১৫ নভেম্বর শ্রীলঙ্কার রাজধানী কলম্বোর হিলটন ট্রেড সেন্টারে অনুষ্ঠিত অ্যাসোসিও'র বার্ষিক বোর্ডসভা এবং জেনারেল অ্যাসেম্বলি 'অ্যাসোসিও সামিট ২০১২'-তে



*অ্যাসোসিও'র চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় আবদুল্লাহ এইচ কাফীকে কমপিউটার জগৎ পরিবারের পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছেন সহকারী সম্পাদক এম. এ. হক অনু ও অন্যান্য সদস্য*

চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন। এর আগে তিনি অ্যাসোসিও'র ডেপুটি চেয়ারম্যানসহ অ্যাসোসিও এবং উইথসার বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি ২০০০-০১ মেয়াদকালে বিসিএস সভাপতির দায়িত্ব পালন করেন ◆

## যুক্তরাজ্যের ১৬ মিলিয়ন মানুষ অনলাইন ব্যবহার জানেন না

*কমপিউটার জগৎ ডেস্ক ॥* বর্তমানে আধুনিক এবং সচেতন নাগরিকের রাষ্ট্র হিসেবে পরিচিত যুক্তরাজ্যের প্রত্যন্ত অঞ্চলে বাসরত প্রায় ১৬ মিলিয়ন মানুষের অনলাইনবিষয়ক সাধারণ দক্ষতার অভাব রয়েছে। দেশটির একটি দাতব্য প্রতিষ্ঠান 'গো অন ইউকে'র প্রধান মার্থা লেন ফক্স সম্প্রতি এ তথ্য প্রকাশ করেছে। সম্প্রতি যুক্তরাজ্যে বেসরকারিভাবে পরিচালিত রিপোর্টে দেখানো হয়েছে, সুবিধাবঞ্চিত এসব মানুষের মধ্যে তথ্যপ্রযুক্তি এবং ইন্টারনেটবিষয়ক মৌলিক জ্ঞান বা দক্ষতার অভাব রয়েছে ◆

## দক্ষিণ এশিয়ার টেলিকম খাতের আন্তর্জাতিক সম্মেলন

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ সরকার ওয়াইম্যাক্স, থ্রিজিসহ অন্যান্য সুবিধা সহজলভ্য করেছে। প্রাইভেট মোবাইল ফোন অপারেটরদেরও থ্রিজি সুবিধা দেয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। রাজধানীর র‌্যাডিসন হোটেলে দু'দিনের সাউথ এশিয়ান ক্যারিয়ার মিট ২০১২-এর উদ্বোধনী অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী অ্যাডভোকেট সাহারা খাতুন এ কথা জানান।

দু'দিনের ওই আন্তর্জাতিক সম্মেলনে একাধিক প্ল্যানারি সেশনে টেলিকম খাতের সমস্যা, সঙ্কট ও সম্ভাবনা নিয়ে নিবন্ধ উপস্থাপন ছাড়াও বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা করেন এ খাতের দেশী-বিদেশী বিশেষজ্ঞরা। উইন্ডমিল অ্যাডভার্টাইজিং লিমিটেডের আয়োজনে সাউথ এশিয়ান ক্যারিয়ার মিট ২০১২-এর আহ্বায়ক এবিএম রিয়াজ উদ্দিন মোশাররফের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিটিআরসি চেয়ারম্যান সুনীল কান্তি বোস। এ সময় বক্তব্য রাখেন সাউথ এশিয়ান ক্যারিয়ার মিটের যুগ্ম আহ্বায়ক সাব্বির রহমান তানিম, বাংলাদেশ ইন্টারন্যাশনাল গেটওয়ে লিমিটেডের লে. কর্নেল (অব.) শফিউল হক, সেল টেলিকমের কফিল মুয়ীদ, সিটিসেলের সিইও মেহবুব চৌধুরী, মাল্টিনেট পাকিস্তানের সিএসও রশিদ সাফি, ব্রিটিশ টেলিকম গ্লোবাল মার্কেটসের জেনারেল ম্যানেজার মার্ক অ্যামোস, আয়ারসেল ইন্ডিয়ার সাবেক বিজনেস প্রধান চন্দন ঘোষ প্রমুখ।

দক্ষিণ এশিয়ায় টেলিকম ক্যারিয়ারের প্রথম ওই আন্তর্জাতিক সম্মেলনে যুক্তরাজ্য, ফ্রান্স, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ভারত, পাকিস্তান, সিঙ্গাপুর, হংকং, মালয়েশিয়া, সংযুক্ত আরব আমিরাতের হোলসেল টেলিকম ক্যারিয়ার প্রতিষ্ঠান, সাব-সি এবং টেরিস্ট্রিয়াল কেবল অপারেটর, ডাটা সার্ভিস প্রোভাইডারস, কো-লোকেশন প্রোভাইডার, অ্যাপ্লিকেশন অ্যান্ড সার্ভিস ডেভেলপারস, হ্যান্ডসেট অ্যান্ড ম্যানুফ্যাকচারার্স সংগঠনের ২ শতাধিক প্রতিনিধি অংশ নেন ◆


## বাজারের সবচেয়ে ব্যয়সাশ্রয়ী কালার লেজার প্রিন্টার



সেফ আইটি সার্ভিসেস লি. বাজারে নিয়ে এসেছে কণিকা মিনোল্টা ব্র্যান্ডের ম্যাজিক কালার ১৬০০ডব্লিউ মডেলের বাজারের সবচেয়ে ব্যয়সাশ্রয়ী কালার লেজার প্রিন্টার। এই প্রিন্টারটি একই রেঞ্জের বাজারের অন্যান্য ব্র্যান্ডের প্রিন্টারের তুলনায় গুণগতমানের পাশাপাশি দামের দিক থেকে সর্বাপেক্ষা সাশ্রয়ী প্রিন্টার হিসেবে ব্যাপক সমাদৃত। জাপান অরিজিন এই প্রিন্টারটির প্রিন্ট স্পিড ২০ পিপিএম (মনোক্রম)/৫ পিপিএম (কালার), প্রিন্ট রেজ্যুলেশন ১২০০ বাই ৬০০ ডিপিআই, মাসিক ডিউটি সাইকেল ৩৫ হাজার পৃষ্ঠা, মেমরি ১৬ মেগাবাইট, ২০০ শিট মাল্টি পেপার ইনপুট ট্রে, ইউএসবি ২.০ ইন্টারফেসসহ প্রভৃতি ফিচারসম্পন্ন। সহজলভ্য দামে সর্বোচ্চ মানের প্রিন্ট নিশ্চয়তার এই প্রিন্টারের টোনারের প্রিন্টিং খরচ খুবই সাশ্রয়ী। প্রিন্টারটির দাম ১৮,৫০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫ ◆

## হুমকির মুখে ডিজিটাল ক্যামেরার বাজার!


*কমপিউটার জগৎ ডেস্ক* ॥ ডিজিটাল ক্যামেরা কি বাজার থেকে হারিয়ে যাবে? বর্তমানে স্মার্টফোনের জনপ্রিয়তা ব্যাপকহারে বাড়ায় ডিজিটাল ক্যামেরার বাজারে মারাত্মক প্রভাব ফেলেছে। বিশেষ করে অ্যাপলের আইফোন ও স্যামসাংয়ের গ্যালাক্সি বাজারে আসার পরই অবিশ্বাস্যভাবে বিক্রি কমেছে ডিজিটাল ক্যামেরার। শুধু ক্যামেরা নয়, ভিডিও গেম খেলার ও বহনযোগ্য গান শোনার যন্ত্রের বাজারও হুমকির মুখে পড়েছে বলে জানিয়েছেন প্রযুক্তি বাজার বিশ্লেষকরা।



তাদের মতে, ছবি তোলার সুবিধা সংবলিত স্মার্টফোন বাজারে আসার পর লোকজন আর ডিজিটাল কমপ্যাক্ট ক্যামেরা কিনছেন না। মুখ থুবড়ে পড়তে যাচ্ছে ক্যানন, অলিম্পাস, সনি ও নিক্কনের আধিপত্য বিস্তার করা ক্যামেরার বাজার। জাপানের গবেষণা প্রতিষ্ঠান মিজুহো ইনভেস্টরস সিকিউরিটিজের কর্মকর্তা নোবুও কুরাহাশি বলেন, 'আমরা হয়তো শিগগিরই ডিজিটাল ক্যামেরার বাজারের পতন দেখতে পাব। গত বছর ডিজিটাল ক্যামেরা বিক্রি হয়েছিল ৭৫ লাখ ৮ হাজার। এ বছরের সেপ্টেম্বর পর্যন্ত গত বছরের তুলনায় ৪২ শতাংশ কম বিক্রি হয়েছে।' কুরাহাশি আরও বলেন, তবে শুধু স্মার্টফোনের কারণে নয়, ইউরোপের দেশগুলোতে মন্দা অর্থনীতি এবং চীনের বাজারে জাপানের পণ্য বর্জনের কারণেও ডিজিটাল ক্যামেরার বাজারে মন্দা দেখা দিয়েছে। এদিকে স্মার্টফোনেই বিনামূল্যে ডাউনলোড করা যাচ্ছে মজার মজার সব গেম ও গান। কাজেই লোকজন আর আলাদা করে গেম কনসোল ও গান শোনার যন্ত্র কিনছে না। কাজেই এসব পণ্যের বাজারেও দেখা দিয়েছে মন্দা ◆

## বাংলা উইকিপিডিয়ার নতুন প্রশাসক নাসির খান সৈকত

ইন্টারনেটে বাংলা ভাষার সবচেয়ে বড় মুক্ত বিশ্বকোষ বাংলা উইকিপিডিয়ার (http://bn.wikipedia.org) নতুন প্রশাসক নির্বাচিত হয়েছেন নাসির খান সৈকত। ১ নভেম্বর থেকে তিনি বাংলা উইকিপিডিয়ার দশম প্রশাসক হিসেবে দায়িত্ব পালন শুরু করেছেন। তিনি বাংলা উইকিপিডিয়াতে বাংলা ভাষা আন্দোলন, বাংলাদেশ সামরিক বাহিনী, বাংলাদেশের মুক্তিযুদ্ধ ইত্যাদি বিষয় সংশ্লিষ্ট নিবন্ধ, টেম্পলেট ও আনুষঙ্গিক পাতাগুলো তৈরি এবং মানোন্নয়নের কাজ করে চলেছেন। তিনি বাংলাদেশ গণিত অলিম্পিয়াড ও বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক। বর্তমানে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে কমপিউটার বিজ্ঞান ও প্রকৌশলে পড়াশোনা করছেন তিনি। এছাড়া তিনি উইকিমিডিয়া ফাউন্ডেশনের অনুমোদিত চ্যাপ্টার উইকিমিডিয়া বাংলাদেশ কমিটির সদস্য। বিভিন্ন উইকিপিডিয়াতে নাসির খানের অবদানের সংখ্যা ৯ হাজারের বেশি। এছাড়া তিনি উইকিমিডিয়া কমন্সে তার দেড় হাজারের বেশি ছবি আপলোড করেছেন ◆



## দক্ষিণ আফ্রিকায় বিনামূল্যে গুগলের ইন্টারনেট সেবা

*কমপিউটার জগৎ ডেস্ক* ॥ দক্ষিণ আফ্রিকার গরিব মানুষদের জন্য মুঠোফোনে বিনামূল্যে ইন্টারনেট সেবা দেবে ইন্টারনেট সার্চ ইঞ্জিন সেবাদাতা প্রতিষ্ঠান গুগল। গুগল কর্তৃপক্ষ জানিয়েছে, বিনামূল্যে ইন্টারনেট সেবা চালু করতে দক্ষিণ আফ্রিকার টেলিকম সেবাদাতা প্রতিষ্ঠান টেলকমের সাথে চুক্তি করেছে গুগল। চুক্তি অনুযায়ী, যারা তথ্য পাওয়ার জন্য খরচ করতে অসমর্থ বা অপারগ, তাদের জন্য মুঠোফোনে বিনামূল্যে ইন্টারনেট সেবা দেবে গুগল। এ বিষয়ে গুগল জানিয়েছে, 'ফ্রি জোন' সুবিধার আওতায় ইন্টারনেটের সুবিধাযুক্ত মুঠোফোনে বিনামূল্যে জিমেইল ও গুগল প্লাস ব্যবহার করার সুযোগ থাকবে।

দক্ষিণ আফ্রিকার গুগলের ব্যবস্থাপক লিউক ম্যাকেন্ড জানিয়েছেন, দক্ষিণ আফ্রিকার ৮০ শতাংশ মানুষের কাছে মুঠোফোন রয়েছে, তবে ইন্টারনেটের সুবিধা পেতে খরচ বেশি হওয়ায় তারা বিভিন্ন সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। মেইল, ইন্টারনেট ব্রাউজ করা, সামাজিক যোগাযোগের ওয়েবসাইট ব্যবহারে অনেক খরচ। মুঠোফোনে ইন্টারনেটের সুবিধা মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতেই এ পদক্ষেপ নেয়া হচ্ছে। সম্প্রতি ফিলিপাইনেও এ ধরনের সুবিধা চালু করেছে গুগল ◆



## সিটিসেলের জিএসএম প্রযুক্তি জুনের মধ্যে

বাংলাদেশের প্রথম মুঠোফোন অপারেটর এবং একমাত্র সিডিএমএ প্রযুক্তির অপারেটর সিটিসেল শেষ পর্যন্ত প্রযুক্তি পাল্টিয়ে জিএসএম প্রযুক্তিতে যাচ্ছে। সিটিসেলের গ্রাহকরা আগামী বছরের জুন মাসের মধ্যে জিএসএম প্রযুক্তি ব্যবহার করতে পারবেন বলে জানা গেছে। এ বিষয়ে সিটিসেলের প্রধান নির্বাহী কর্মকর্তা মেহবুব চৌধুরী জানান, জিএসএম প্রযুক্তিতে সেবা দেয়ার জন্য নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসির সাথে আলোচনা চলছে। আশা করছি আগামী জুনের মধ্যে সিটিসেল জিএসএম প্রযুক্তির সেবা দেয়া শুরু করতে পারবে। তবে আমরা প্রস্তুতি নিচ্ছি। সবকিছু নির্ভর করছে বিটিআরসির অনুমোদনের ওপর।


সিটিসেল জিএসএম প্রযুক্তিতে চলে গেলে গ্রাহকরা রিমের বদলে সিম ব্যবহার করার সুযোগ পাবেন। ব্যবহার করতে পারবেন নিজ পছন্দের মোবাইল হ্যান্ডসেট। জিএসএম প্রযুক্তিতে সেবাদান শুরু হলে বর্তমান গ্রাহকদের জন্য কিভাবে সেবা দেয়া হবে জানতে চাইল মেহবুব চৌধুরী বলেন, যারা জিএসএম প্রযুক্তিতে যেতে যান তাদের ডিএসএস প্রযুক্তির নতুন হ্যান্ডসেট দেয়ার পরিকল্পনাও রয়েছে সিটিসেলের। আবার গ্রাহকরা ইচ্ছা করলে সিডিএমএ প্রযুক্তিতেও থাকতে পারবেন। জিএসএম প্রযুক্তিতে আসার পর সিটিসেলের গ্রাহকসংখ্যা বাড়বে বলেও আশা প্রকাশ করেন তিনি।

উল্লেখ্য, ১৯৯৩ সালে সিটিসেল দেশের প্রথম মুঠোফোন অপারেটর এবং একমাত্র সিডিএমএ প্রযুক্তির অপারেটর হিসেবে তাদের ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। তবে বিভিন্ন কারণে জিএসএম প্রযুক্তি জনপ্রিয় হওয়ায় তেমন গ্রাহকসংখ্যা বাড়াতে পারছে না সিডিএমএ প্রযুক্তিনির্ভর এই অপারেটরটি। বিটিআরসির হিসাবে গত সেপ্টেম্বর পর্যন্ত সিটিসেলের গ্রাহকসংখ্যা প্রায় ১৭ লাখ।

দেশের ৬টি মোবাইল ফোন অপারেটরের মধ্যে শুধু সিটিসেল এখন কোড ডিভিশন মাল্টিপল অ্যাকসেস বা সিডিএমএ প্রযুক্তি ব্যবহার করছে। বাকি ৫টি গ্লোবাল সিস্টেম ফর মোবাইল বা জিএসএম প্রযুক্তিনির্ভর।

নতুন প্রযুক্তিতে যাওয়ার জন্য আবেদন করার পরপরই এ বিষয়ে ইতিবাচক মনোভাব দেখায় বিটিআরসি। তাই গত ৭ আগস্ট টুজি লাইসেন্স নবায়ন অনুষ্ঠানে তৎকালীন বিটিআরসি চেয়ারম্যান জিয়া আহমেদ জানিয়েছিলেন, যেকোনো সময় সিটিসেলকে প্রযুক্তি পরিবর্তনের অনুমোদন দেয়া হবে। তবে তার মৃত্যু এবং বিটিআরসির উচ্চপর্যায়ের পরিবর্তনের কারণে কিছু বিলম্বিত হচ্ছে বলে জানা গেছে।

## রানডিস্ক ব্র্যান্ডের পেনড্রাইভ



সেফ আইটি সার্ভিসেস লি. বাজারে নিয়ে এসেছে কোরিয়ার বিশ্বখ্যাত রানডিস্ক ব্র্যান্ডের ৮ জিবি এবং ১৬ জিবি মেমরির পেনড্রাইভ। হালকা-পাতলা ঘরনার আকর্ষণীয় স্টাইলের এই পেনড্রাইভে পাওয়া যাবে দ্রুত গতির ডাটা ট্রান্সফার সুবিধা। এটি মজবুত, পরিবেশবান্ধব ও উচ্চমাত্রার সহ্যক্ষমতাসম্পন্ন যা আঘাত, ধুলাবালি ও পানির ছিটে থেকে ড্রাইভটিকে রক্ষা করে। ইউএসবি ২.০ ইন্টারফেসের এই পেনড্রাইভ উইন্ডোজ, ম্যাক এবং লিনআক্স অপারেটিং সিস্টেমের প্রায় সবগুলো ভার্সন সমর্থন করে। রানডিস্ক ব্র্যান্ডের প্লাগ-অ্যান্ড-প্লে সুবিধার ৮ জিবি এবং ১৬ জিবি পেনড্রাইভের দাম যথাক্রমে ৫০০ এবং ৯০০ টাকা। পেনড্রাইভগুলোতে প্রোডাক্ট লাইফটাইম ওয়ারেন্টি রয়েছে। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫, ৯৬৬৯৫৭৩

## প্রিন্ট মিডিয়া ছাড়িয়ে গুগল অ্যাডের আয়

প্রিন্ট মিডিয়ার মোট আয়কে ছাড়িয়ে গেছে গুগলের মোট বিজ্ঞাপন আয়। জার্মানভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান স্ট্যাটিস্টা জানিয়েছে, ২০১২ সালের প্রথমার্ধেই শুধু বিজ্ঞাপনের মাধ্যমে গুগল যে পরিমাণ আয় করেছে তা একই সময়ে আমেরিকার সব প্রিন্ট মিডিয়ার অর্জিত আয়ের চেয়েও বেশি। রিপোর্টের তথ্যানুসারে ২০১২ সালের প্রথম ছয় মাসে গুগল ২০৮০ কোটি ডলার আয় করেছে। আর আমেরিকার সব প্রিন্ট মিডিয়ার (দৈনিক পত্রিকা এবং ম্যাগাজিন) আয়ের পরিমাণ ১৯২০ কোটি ডলার। স্ট্যাটিস্টা অবশ্য স্বীকার করেছে, এ দুয়ের আয়ের মধ্যে তুলনা করা ঠিক হচ্ছে না। কারণ, আমেরিকার মিডিয়া শুধু দেশের ভেতর থেকেই এ আয় করেছে। আর গুগল আয় করেছে সারাবিশ্ব থেকে

## চট্টগ্রামে ৫ দিনের তথ্যপ্রযুক্তি মেলা

এমএ আজিজ স্টেডিয়াম সংলগ্ন চট্টগ্রাম জিমনেশিয়ামে সম্প্রতি শেষ হয়েছে ডিজিটাল পণ্য ও সেবা এবং জীবনধারাভিত্তিক প্রযুক্তিমেলা। বাণিজ্য মন্ত্রণালয়ের আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিলের (আইবিপিসি) সহযোগিতায় বাংলাদেশ কমপিউটার সমিতি (বিসিএস) চট্টগ্রাম শাখার আয়োজনে মেলা চলে ২ ডিসেম্বর পর্যন্ত। মেলায় ২৬টি প্রতিষ্ঠান ৫০টি স্টল ও ৬টি প্যাভেলিয়নে কমপিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার, টেলিকম, মাল্টিমিডিয়া, তথ্যপ্রযুক্তি শিক্ষা উপকরণ, ল্যাপটপ, পামটপসহ ডিজিটাল জীবনধারাভিত্তিক সর্বশেষ প্রযুক্তি প্রদর্শন করে। এছাড়া তথ্যপ্রযুক্তি বিষয়ক সচেতনতা কর্মসূচি, সেমিনার, কুইজ প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়

## প্রধানমন্ত্রীর কাছ থেকে বিশেষ সম্মাননা পুরস্কার পেলেন আল-আমিন কবির

আউটসোর্সিং, ইন্টারনেট মার্কেটিং ক্ষেত্রে বিশেষ সফলতার কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে বিশেষ পুরস্কার পেয়েছেন ডেভসটিম লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা আল-আমিন কবির। সম্প্রতি রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ আওয়ামী



যুবলীগের ৪০তম বর্ষপূর্তি অনুষ্ঠানে এই পুরস্কার দেয়া হয়। উল্লেখ্য, আন্তর্জাতিক অনলাইন মার্কেটপ্লেস ফ্রিল্যান্সার ডটকম আয়োজিত এসইও অ্যান্ড কনটেন্ট রাইটিং প্রতিযোগিতায় প্রথম পুরস্কার অর্জন করে আল-আমিন কবিরের নেতৃত্বে ডেভসটিম।

এ সময় আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের মুখ উজ্জ্বল করায় আল-আমিন কবির ছাড়াও জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক সাকিব আল হাসান, প্রথম এভারেস্ট জয়ী মুসা ইব্রাহীম, এভারেস্ট জয়ী বাংলাদেশী নারী নিশাত মজুমদার ও ওয়াসফিয়া নাজরীন, বিজ্ঞানী ড. মাকসুদুল আলম, ইলেকট্রনিক ভোটিং মেশিন বা ইভিএমের আবিষ্কারক মাহমুদুল হাসান সোহাগ ও বাংলাদেশী প্রথম সার্চ ইঞ্জিন পিপীলিকার টিম লিডার রুহুল আমিনকেও বিশেষ পুরস্কার তুলে দেন প্রধানমন্ত্রী

## ফেসবুক ব্যবহারে সতর্ক হওয়ার পরামর্শ সরকারের

*কমপিউটার জগৎ রিপোর্ট ॥*

ফেসবুক ব্যবহারের বিষয়ে সবাইকে সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছে সরকার। সম্প্রতি তথ্য অধিদফতরের এক তথ্য বিবরণীতে এ কথা জানানো হয়। এতে বলা হয়, সাধারণ ও শান্তিপ্রিয় ফেসবুক ব্যবহারকারীদের উদ্দেশ্যমূলকভাবে বিপদগ্রস্ত করার লক্ষ্যে ইচ্ছা করলে অন্য কেউ যেকোনো আপত্তিকর ছবি বা মন্তব্যে তাকে যুক্ত করতে পারে। এ বিষয়ে জনসাধারণকে সচেতন ও সতর্ক থাকার পরামর্শ দেয়া যাচ্ছে।

সম্প্রতি কক্সবাজারের রামুতে ফেসবুকের একটি ছবি ট্যাগ করাকে কেন্দ্র করে সাম্প্রদায়িক হামলার ঘটনা ঘটে। এছাড়া ফেসবুকে প্রায়ই আপত্তিকর অনেক পোস্টে অনেককে ট্যাগ করা হচ্ছে। সমস্যা সমাধানে প্রযুক্তি বিশেষজ্ঞরা প্রত্যেককে তাদের নিজ অ্যাকাউন্টের ব্যক্তিগত নিরাপত্তা বা গোপনীয়তা এমনভাবে করার সুপারিশ করেছেন, যাতে খুব সহজে যেকেউ ট্যাগ করতে না পারে

## ইউসিসির এএমডি স্ক্র্যাচ অ্যান্ড উইনের সমাপ্তি ঘোষণা


এএমডি এবং তার এ দেশীয় বাজারজাতকারী প্রতিষ্ঠান ইউসিসির যৌথ উদ্যোগে গত ১৫ জুন থেকে দেশব্যাপী আয়োজিত ভোক্তাশ্রেণীর ক্রেতাদের জন্য এএমডি স্ক্র্যাচ অ্যান্ড উইন প্রোগ্রামটি শেষ হয় গত ৩১ অক্টোবর ২০১২। সম্প্রতি ইউসিসির প্রধান কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এর আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করা হয়। অনুষ্ঠানে সর্বশেষ বিজয়ী চার ভাগ্যবানকে পুরস্কার তুলে দেয়া হয়। ঢাকার কলাবাগানের শাখাওয়াত হোসেন রকি এএমডি পণ্য কিনে জিতে নেন থার্মালটেক কীবোর্ড। ঢাকার মিরপুরের আল-নাসের জিতে




নেন ট্যাবলেট পিসি। গাজীপুরের আরিফুল ইসলাম স্যামসাং ব্র্যান্ডের মোবাইল সেট জেতেন। প্রোগ্রামের সবচেয়ে বড় পুরস্কার সনি ব্র্যান্ডের ৩২ ইঞ্চি ব্রাভিয়া টিভি জেতেন চট্টগ্রামের খুলশির মোহাম্মদ শাহিন। অনুষ্ঠানটিতে সঞ্চালকের দায়িত্বে ছিলেন ইউসিসির ডিজিএম মোহাম্মদ আনোয়ারুল কাইয়ুম চৌধুরী রাজু। সঞ্চালকের পাশাপাশি তিনি চার মাসব্যাপী এই প্রোগ্রামের নানা দিক তুলে ধরেন। এছাড়া উপস্থিত ছিলেন ইউসিসির এজিএম (অ্যাডমিন) আনোয়ার কামাল, আইডিবি ব্রাঞ্চের ম্যানেজার মো: শফিউল করিম স্বপন, সহকারী ম্যানেজার (চ্যানেল সেলস) একেএম ফাহিম উদ্দিন, সিনিয়র কর্মকর্তা জয়নুস সালেকীন ও আরমান খানসহ ইউসিসির অন্যান্য কর্মকর্তা। চার মাসব্যাপী এই প্রোগ্রামের উল্লেখযোগ্য দিক ছিল জয়ীরা স্ক্র্যাচকার্ডে উল্লিখিত পুরস্কারটি তৎক্ষণাৎ বুঝে পেয়েছেন। ইউসিসির এএমডি স্ক্র্যাচ অ্যান্ড উইনের কয়েকজন বিজয়ী হলেন অনিক, সৈয়দ রাইসুল ইসলাম রুবেল, মিজানুর রহমান ও ওমর সোহেল।

উল্লেখ্য, প্রোগ্রামটি ২৫ সেপ্টেম্বর পর্যন্ত চলার কথা থাকলেও ক্রেতাদের চাহিদা এবং স্কিমটির জনপ্রিয়তার কারণে এক মাস বাড়িয়ে ৩১ অক্টোবর করা হয়েছিল

## আসুসের এএমডি আইফিনিটি টেকনোলজির হাই-অ্যান্ড গ্রাফিক্স কার্ড



একই সাথে ৬টি ডিসপ্লে মনিটর ব্যবহার করে গেম খেলায় বা বিনোদন উপভোগ করা যাবে আসুসের এইচডি৭৯৫০-ডিসি২ মডেলের এমন হাই-অ্যান্ড গ্রাফিক্স কার্ড এনেছে গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড। এতে রয়েছে ৩ জিবি জিডিডিআর৫ মেমরির এএমডি রেডিয়ন এইচডি৭৯৫০ জিপিইউ, পিসিআই এক্সপ্রেস ৩.০ বাস স্ট্যান্ডার্ড, মাইক্রোসফট ডিরেক্টএক্স১১ সমর্থন, এইচডিসিপি সমর্থন, ডিভিআই আউটপুট, এইচডিএমআই আউটপুট, ডিসপ্লে পোর্ট। এছাড়া প্রয়োজনে একাধিক জিপিইউ ব্যবহার করা যায়। দাম ৪২,০০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## ক্রুস ব্র্যান্ডের ইউএসবি হাব




সেফ আইটি সার্ভিসেস লি. বাজারে নিয়ে এসেছে ক্রুস ব্র্যান্ডের ইউএসবি হাব। অত্যাধুনিক এই হাবটিতে রয়েছে ৪টি ইউএসবি পোর্ট। এতে দ্রুত এবং অনায়াসে ফ্ল্যাশ স্টোরেজ ডিভাইস, ডিজিটাল ক্যামেরা, এমপিথ্রি প্লেয়ার, ইউএসবি মাউস প্রভৃতি কমপিউটারের একটি মাত্র ইউএসবি পোর্টে সংযোগ দিয়ে ব্যবহার করা যায়। দাম ৩০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫, ৯৬৬৯৫৭৩

## আসুসের ওটিএস প্রযুক্তির ব্লু-রে রাইটার




গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড বাজারে এনেছে আসুস ব্র্যান্ডের বিডব্লিউ-১২বি১এসটি মডেলের ইন্টারনাল ব্লু-রে রাইটার। সাটা ইন্টারফেসের এই ব্লু-রে রাইটারটিতে দ্রুত এবং উন্নতমানের ডাটা রাইট নিশ্চিত করতে রয়েছে ওটিএস অপটিমাল টিউনিং স্ট্র্যাটেজি। ব্লু-রে থ্রিডি টেকনোলজি ও ম্যাজিক সিনেমা প্রযুক্তি সাপোর্টেড ব্লু-রে রাইটার ১২ এক্স গতিতে ব্লু-রে ডিস্কে রাইট এবং ৮এক্স গতিতে ব্লু-রে ডিস্ক রিড করতে পারে। দাম ১১,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## জেটওয়ে ব্র্যান্ডের আই৪১এম মডেলের মাদারবোর্ড



সেফ আইটি সার্ভিসেস লি: বাজারে নিয়ে এসেছে বিশ্বখ্যাত জেটওয়ে ব্র্যান্ডের আই৪১এম মডেলের নতুন মাদারবোর্ড। এলজিএ ৭৭৫ সকেটের এই মাদারবোর্ডটি ইন্টেল কোর টু ডুয়ো, কোর টু কোয়াড, সেলেরন, পেন্টিয়াম ডি প্রসেসর সাপোর্ট করে। ইন্টেল জি৪১ এক্সপ্রেস চিপসেট এবং আইসিএইচ৭ চিপসেটের এই মাদারবোর্ডটির মাধ্যমে উপভোগ করা যাবে দুর্দান্ত পারফরম্যান্স সমৃদ্ধ মাল্টিমিডিয়া। মাইক্রো এটিএক্স ফর্ম ফ্যাক্টর সমৃদ্ধ এই মাদারবোর্ডটির অন্যান্য ফিচারের মধ্যে রয়েছে ইন্টেল গ্রাফিক্স মিডিয়া এক্সেলেটর এক্স৪৫০০, ডুয়াল চ্যানেল ডিডিআর-৩ র‍্যাম যা সর্বোচ্চ ৮ জিবি পর্যন্ত সাপোর্টেড, ১০/১০০এম ল্যান, ৪টি সাটা-২ পোর্ট (৩ জিবি/সে), ৮টি ইউএসবি ২.০ পোর্ট, ১টি ৩২-বিট পিসিআই স্লট, ১টি পিসিআই এক্সপ্রেস এক্স১৬ স্লট, ৬ চ্যানেল এইচডি অডিও প্রভৃতি। ২ বছরের ওয়ারেন্টিসহ মাদারবোর্ডটির দাম ৪,০০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫, ৯৬৬৯৫৭৩

## আরসি মেমরি ব্র্যান্ডের র‍্যাম




সেফ আইটি সার্ভিসেস লি. বাজারে নিয়ে এসেছে ডেস্কটপ কমপিউটারের জন্য কোরিয়ার বিশ্বখ্যাত আরসি মেমরি ব্র্যান্ডের ১৩৩৩ বাস স্পিডের ২ জিবি এবং ৪ জিবি ডিডিআর-৩ র‍্যাম। এটি ইন্টেল ও এএমডি চিপসেটের সব মাদারবোর্ড সমর্থন ও দুর্দান্ত পারফরম্যান্স প্রদান করে। আধুনিক ও গুণগত মানসম্পন্ন হওয়ায় এই র‍্যাম খুবই আস্থাশীল। সর্বোপরি একজন ব্যবহারকারীকে ঝামেলামুক্ত ও নিশ্চিন্ত হওয়ার সুযোগ তৈরি করে দেয় আরসি মেমরি ব্র্যান্ডের র‍্যাম। ২ জিবি ডিডিআর-৩ র‍্যামের দাম ৮৫০ টাকা এবং ৪ জিবি ডিডিআর-৩ র‍্যামের দাম ১,৫৫০ টাকা। আরসি মেমরি ব্র্যান্ডের র‍্যাম লাইফ টাইম ওয়ারেন্টি সেবাসহ পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫, ৯৬৬৯৫৭৩

## জাইসেল ৮ পোর্ট গিগাবিট সুইচ


কমপিউটার সিটি টেকনোলজিস বাজারে এনেছে জাইসেল ব্র্যান্ডের জিএস১০৮এস মডেলের গিগাবিট সুইচ। ৮ পোর্ট গিগাবিটের সুইচটিতে রয়েছে ৮টি প্রায়োরিটি বেস কালারসমৃদ্ধ ১০০০ বেস ইথারনেট পোর্ট। দাম ৩,৩০০ টাকা

## ক্রিয়েটিভ ব্র্যান্ডের হালকা হেডফোন



ক্রিয়েটিভ ব্র্যান্ডের নতুন মডেলের হেডফোন এইচএস-৩২০ বাজারে এনেছে সোর্স এজ লিমিটেড। আরামদায়ক হেডফোনটির এক বছরের বিক্রয়োত্তর সেবা পাওয়া যাবে। দাম ৮৫০ টাকা

## এলজির ‘গ্রিন আইটি সার্টিফিকেশন’ প্রাপ্ত সুপার এনার্জি সেভিং এলইডি মনিটর



গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড বাজারে এনেছে এলজির ‘গ্রিন আইটি সার্টিফিকেশন’ প্রাপ্ত সুপার এনার্জি সেভিং ২০ ইঞ্চি পর্দার এলইডি মনিটর ই২০৪২সি। এফ ইঞ্জিন প্রযুক্তির এই মনিটর ৩০ ভাগ বিদ্যুৎ সাশ্রয় করে। সম্পূর্ণ এইচডি রেজ্যুলেশনের মনিটরটিতে রয়েছে ফাইন কন্ট্রাস্ট রেশিও ৫০০০০০০:১, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড, পর্দার আউটপুট রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০, এবং ডি-সাব পিসি ইনপুট সংযোগ সুবিধা। দাম ১১,০০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২


## এইচপি ল্যাপটপের সাথে প্রিন্টার ফ্রি

এইচপি ব্র্যান্ডের প্রতিটি কমপ্যাক প্রেসারিও সিকিউ৪৩-৩০২এইউ এবং সিকিউ৪৩-৩০৩এইউ ল্যাপটপের সাথে এইচপি ১০০০ মডেলের প্রিন্টার ফ্রি দিচ্ছে স্মার্ট টেকনোলজিস। সিকিউ৪৩-৩০২এইউ মডেলে রয়েছে এএমডি এপিইউ ই-৩০০ মডেলের প্রসেসর, ৩২০ গিগাবাইট হার্ডডিস্ক ড্রাইভ, ২ গিগাবাইট র‍্যাম, ১ গিগাবাইট রেডিয়ন এইচডি ৬৩১০ গ্রাফিক্স কার্ড এবং ১৪.১ ইঞ্চি এলইডি ডিসপ্লে। দাম ২৭,২০০ টাকা। সিকিউ৪৩-৩০৩এইউ মডেলে রয়েছে এএমডি এপিইউ ই-৪৫০ মডেলের প্রসেসর, ৫০০ গিগাবাইট হার্ডডিস্ক ড্রাইভ, ২ গিগাবাইট র‍্যাম, ১ গিগাবাইট রেডিয়ন এইচডি ৬৩২০ গ্রাফিক্স কার্ড এবং ১৪.১ ইঞ্চি এলইডি ডিসপ্লে। দাম ২৯,৩০০ টাকা। এই অফার স্টক থাকা পর্যন্ত। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৯৫



## মাইক্রোনেটের ১৬ পোর্টের ইথারনেট সুইচ

১৬টি ১০/১০০এমবিপিএস আরজে-৪৫ পোর্টের অটো-আপলিঙ্ক শনাক্তকরণ মাইক্রোনেট ব্র্যান্ডের এসপি৬১৬ইবি মডেলের নতুন ইথারনেট সুইচ বাজারে এসেছে। ইথারনেট সুইচটি আইট্রিপলই৮০২.৩ স্ট্যান্ডার্ড সমর্থন করে। এর ইন্টেলিজেন্ট অ্যাড্রেসিং ইঞ্জিন নেটওয়ার্ককে ডাটা ট্রাফিকের ঝামেলা থেকে বাঁচায়। এর স্টোর-অ্যান্ড-ফরওয়ার্ড সুইচিং ফাংশন ডাটা আদান-প্রদান করার সময় ক্ষতিগ্রস্ত প্যাকেট এবং নেটওয়ার্ক ত্রুটি থেকে নেটওয়ার্ককে রক্ষা করে। দাম ৩,৩০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩



## আসুসের ডিজিটাল পাওয়ার ডিজাইনের মাদারবোর্ড



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের ইন্টেল জেড৭৭ চিপসেটের পি৮জেড৭৭-এম মডেলের নতুন মাদারবোর্ড। এটি সিপিইউর ভোল্টেজ স্থিতিশীল রাখার পাশাপাশি অন্যান্য ইন্টারফেসের সঠিক ভোল্টেজ ইনপুটের সমন্বয় করে। মাদারবোর্ডটি ইন্টেল তৃতীয় প্রজন্মের পাশাপাশি দ্বিতীয় প্রজন্মের কোরআই-৭, কোরআই-৫, কোরআই-৩ প্রভৃতি প্রসেসর সাপোর্ট করার পাশাপাশি বিল্ট-ইন গ্রাফিক্স প্রসেসর, এনভিডিয়া এবং এএমডি ক্রসফায়ারএক্স প্রযুক্তির পিসিআই এক্সপ্রেস ৩.০ স্লট রয়েছে। দাম ১৩,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

### এশিয়ার পর বিশ্বজয়

## রেড হেরিং টপ হান্ড্রেড গ্লোবাল তালিকায় রিভ সিস্টেমস

শীর্ষস্থানীয় ভিওআইপি সলিউশন প্রদানকারী প্রতিষ্ঠান রিভ সিস্টেমস সম্মানজনক '২০১২ রেড হেরিং টপ হান্ড্রেড গ্লোবাল' তালিকায় জায়গা করে নিয়েছে। গত সেপ্টেম্বরে রেড হেরিংয়ে বিচারে এশিয়ার সেরা ১০০'র অন্যতম হওয়ার পর এবার বিশ্বের সেরা ১০০ তালিকায় জায়গা করে নিল রিভ সিস্টেমস। নভেম্বরের ২৭ থেকে ২৯ তারিখে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলসে ইউরোপ, উত্তর আমেরিকা এবং এশিয়ার সেরা ৩০০ প্রতিষ্ঠানের অংশগ্রহণে এ গ্লোবাল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। রেড হেরিং একটি আন্তর্জাতিক গণমাধ্যম প্রতিষ্ঠান, যারা বিশ্বব্যাপী নতুন সম্ভাবনাময় কোম্পানি এবং এদের উদ্ভাবনী প্রযুক্তি চিহ্নিত করে থাকে।



*রিভ সিস্টেমসের সিইও এম. রেজাউল হাসান সম্মানজনক ২০১২ রেড হেরিং টপ হান্ড্রেড গ্লোবাল অ্যাওয়ার্ড গ্রহণ করছেন*

'তিন মহাদেশের নির্বাচিত সেরা ৩০০ প্রতিষ্ঠান থেকে আবার সম্ভাবনাময় সেরা ১০০ নির্বাচন করা মোটেই সহজ কাজ ছিল না'– বললেন রেড হেরিংয়ে প্রকাশক ও সিইও অ্যালেক্স ভিউক্স। কঠোর বিশ্লেষণ এবং গভীর আলোচনা করেই বিশ্বের কয়েকশ' প্রতিযোগীর মধ্যে এই সেরা একশ' বাছাই করা হয়েছে। আমরা বিশ্বাস করি রিভ সিস্টেমসের আছে অভাবনীয় দূরদর্শিতা, অদম্য চালিকাশক্তি এবং দারুণ উদ্ভাবনী ক্ষমতা। আর এটিই একটি সফল ব্যবসায় প্রতিষ্ঠানের পূর্বশর্ত। এবারের গ্লোবাল প্রতিযোগিতাটি ছিল সবচেয়ে কঠিন, তাই এ অর্জন রিভ সিস্টেমসের জন্য অনেক বড় গর্বের বিষয়।'

রেড হেরিং গ্লোবাল ২০১২ ফোরাম বিশ্বের বিভিন্ন অঞ্চলের সেরা ৩০০ কোম্পানির পদচারণার সাক্ষী হয়ে থাকল। বিশ্বের বহু পরিচিত বিনিয়োগকারী আর প্রধান নির্বাহী কর্মকর্তারাও এই ইভেন্টে বক্তব্য রেখেছেন। এই তিন দিনে প্রতিযোগীরা তাদের সমকক্ষ ও সমজাতীয় প্রতিষ্ঠানগুলোর সাথে আলোচনা এবং সৌজন্য সাক্ষাতের মধ্য দিয়ে দারুণ সময় কাটিয়েছে।

রেড হেরিং সম্পাদনা পরিষদ অংশগ্রহণকারী প্রযুক্তিনির্ভর প্রতিষ্ঠানগুলোর মধ্য থেকে অর্থনৈতিক সাফল্য, প্রযুক্তিগত উদ্ভাবন, পরিচালনা দক্ষতা, কৌশল বাস্তবায়ন, বাজার-অবস্থান এবং নিজ নিজ ইন্ডাস্ট্রির সাথে সামঞ্জস্যতার মানদণ্ড বিচার করে সেরা ১০০টির এ তালিকা প্রকাশ করে।


পুরস্কার প্রসঙ্গে রিভ সিস্টেমসের সিইও এম. রেজাউল হাসান বলেন, 'সম্মানজনক ২০১২ রেড হেরিং টপ হান্ড্রেড গ্লোবাল অ্যাওয়ার্ড রিভ পরিবারের জন্য নিঃসন্দেহে অনেক বড় অর্জন। এই অর্জন আমাদের আইপি কমিউনিকেশন ইন্ডাস্ট্রিতে আরও নতুন সব উদ্ভাবনী পণ্য উৎপাদনে এবং নিরবচ্ছিন্ন সেবা প্রদানে প্রতিজ্ঞাবদ্ধ থাকার প্রেরণা জোগাবে।'

রিভ সিস্টেমস মোবাইল ভিওআইপি সলিউশন প্রদানকারী শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান। বর্তমানে এ কোম্পানি ৭০টিরও বেশি দেশে ১৭০০টিরও বেশি ভিওআইপি ও টেলিকমিউনিকেশন প্রতিষ্ঠানকে সেবা প্রদান করছে। সিঙ্গাপুরের প্রধান কার্যালয় ছাড়াও রিভ সিস্টেমসের সফটওয়্যার ডেভেলপমেন্ট বিভাগ বাংলাদেশে অবস্থিত। ভারত, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্রে এর শাখা কার্যালয় রয়েছে

## ইনফোভিশন পুরস্কার পেয়েছে চীনা প্রতিষ্ঠান হুয়াওয়ে

চীনা টেলিকম যন্ত্রাংশ নির্মাতা প্রতিষ্ঠান হুয়াওয়ে সেরা ব্রডব্যান্ড সেবার জন্য আন্তর্জাতিক ইনফোভিশন পুরস্কার পেয়েছে। সম্প্রতি নেদারল্যান্ডসের আমস্টারডামে ব্রডব্যান্ড ওয়ার্ল্ড ফোরাম এ পুরস্কার ঘোষণা করে। নেটওয়ার্কিং, প্রযুক্তিগত সহায়তাসহ শিল্পে প্রবৃদ্ধি অর্জন, খরচ হ্রাস এবং সেবা উন্নততর করার জন্য ইনফোভিশন পুরস্কার দেয়া হয়। এই পুরস্কার প্রাপ্তির পর প্রতিষ্ঠানের অ্যাকসেস নেটওয়ার্ক প্রোডাক্ট লাইন প্রেসিডেন্ট ইউ ইয়ং বলেন, পুরস্কারটিকে হুয়াওয়ে সেরা ব্রডব্যান্ডের স্বীকৃতি হিসেবে দেখছে

## এসএমসি ব্র্যান্ডের ৮ পোর্টের ইথারনেট সুইচ



গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড নিয়ে এলো এসএমসি ব্র্যান্ডের প্লাগ-অ্যান্ড-প্লে এফএম৮০১ মডেলের নতুন ইথারনেট সুইচ। এতে ৮টি ১০/১০০ আরজে-৪৫ পোর্টের পাশাপাশি ৬০ ভাগ বিদ্যুতের অপচয় রোধ করে। সুইচের ওয়্যারস্পিড প্যাকেট ফিল্টারিং এবং স্টোর-অ্যান্ড-ফরওয়ার্ড প্রযুক্তি ক্ষতিগ্রস্ত প্যাকেট রক্ষা করে। দাম ১,১০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩

## প্রথম দেশী মোবাইল অ্যাপস স্টোরের যাত্রা শুরু


প্রথমবারের মতো যাত্রা শুরু করেছে দেশী মোবাইল অ্যাপস (মোবাইল ফোনের সফটওয়্যার) স্টোর 'ইএটিএলঅ্যাপস'। এথিক্স অ্যাডভান্সড টেকনোলজি লিমিটেড (ইএটিএল) প্রতিষ্ঠিত ওই অ্যাপস স্টোর ওয়েবসাইটে (eatlapps.com) যেকেউ সহজেই প্রয়োজনীয় অ্যাপস ডাউনলোড এবং আপলোড করতে পারবেন। ইন্টারনেটে ও মোবাইল প্রযুক্তিতে বাংলা কনটেন্টের অপ্রতুলতা আছে। ওই অপ্রতুল কনটেন্টের মান ও সংখ্যা বৃদ্ধির পাশাপাশি তরুণ প্রজন্মের মেধা কাজে লাগিয়ে মোবাইল সফটওয়্যার প্রযুক্তিতে সুযোগ ও উৎসাহ সৃষ্টির পাশাপাশি উদ্যোক্তা তৈরিতে বিশেষভাবে কাজ করবে।

সম্প্রতি রূপসী বাংলা হোটেলে ইএটিএল অ্যাপসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তিমন্ত্রী মোস্তফা ফারুক মোহাম্মদ। তিনি বলেন, তরুণ উদ্যোক্তারদের জন্য নতুন দুয়ার উন্মোচন করল ইএটিএল। এতে দেশের বাজারে মোবাইল মার্কেটপ্লেসের নতুন ক্ষেত্র তৈরির মাধ্যমে মেধাভিত্তিক নতুন কর্মসংস্থান সৃষ্টিতে কার্যকর ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য, পরিবার ও সমাজকল্যাণবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ডা. সৈয়দ মোদাচ্ছের আলী, পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক গওহর রিজভী, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক নিলুফার আহমেদ, অ্যাকসেস টু ইনফরমেশন প্রজেক্টের পরিচালক ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক কবির বিন আনোয়ার। এতে সভাপতিত্ব করেন ইএটিএলের প্রধান নির্বাহী ডা. নিজাম উদ্দীন আহম্মেদ।


একই সাথে প্রথমবারের মতো মোবাইল অ্যাপস নির্মাণ প্রতিযোগিতা আয়োজনের ঘোষণা দিয়েছে ইএটিএল অ্যাপস। শিক্ষার্থীদের অংশগ্রহণে ওই প্রতিযোগিতায় পুরস্কার হিসেবে প্রথম বিজয়ী ৫ লাখ, দ্বিতীয় বিজয়ী ২ লাখ এবং তৃতীয় বিজয়ী ১ লাখ টাকাসহ প্রথম দশজনকে স্মার্টফোন পুরস্কার দেয়া হবে। প্রতিযোগিতা থেকে সম্ভবনাময়ী অ্যাপস নির্মাতাদের সরাসরি ইএটিএল অ্যাপসে কাজের সুযোগ দেয়া হবে বলে ঘোষণা করা হয় ◆

## এক্সট্রিম ব্র্যান্ডের নতুন স্পিকার বাজারে



এক্সট্রিম ব্র্যান্ডের এক্স৪০০ইউএসআর মডেলের ইউএসবি এবং এসডি কার্ড সাপোর্টেড ২:১ এই স্পিকার বাজারে এনেছে স্মার্ট টেকনোলজি। এতে রিমোট কন্ট্রোলার সুবিধা রয়েছে। দাম ৪,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৯ ◆

## অপটোমা হোম থিয়েটার প্রজেক্টর



ঘরে বসেই সিনেমার মতো ৩৮ বাই ৩০০ ইঞ্চি পর্যন্ত পর্দায় মুভি, গেমস উপভোগ করার সুবিধা দিতে ইউনিক বিজনেস সিস্টেমস বাজারে এনেছে অপটোমা ব্র্যান্ডের নতুন মডেলের প্রজেক্টর। ২৫০০ লুমেন্সের প্রজেক্টরের রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০ কালার পিক্সেল এবং ৬০০০:১ উচ্চতর কন্ট্রাস্ট রেশিও রয়েছে। ৪০০০ ঘণ্টা ল্যাম্প লাইফের প্রজেক্টরের দাম ৮৫,০০০ টাকা। ওজন ২.৯ কেজি। যোগাযোগ : ০১৭৩০০৪৪৪০৫-১৩ ◆


## মাল্টিপ্লানে কমপিউটার সোর্সের দুটি শাখা উদ্বোধন করলেন সাকিব

রাজধানীর এলিফ্যান্ট রোডের মাল্টিপ্লান সেন্টারে দুটি বিপণন কেন্দ্র (রিটেইল ব্রাঞ্চ) খুলেছে কমপিউটার সোর্স। গত ৮ নভেম্বর



মার্কেটের পঞ্চম তলায় এবং সপ্তম তলায় বিক্রয় কেন্দ্র দুটি উদ্বোধন করেন বিশ্বসেরা অলরাউন্ডার ও কমপিউটার সোর্সের শুভেচ্ছা দূত সাকিব আল হাসান। এসময় কমপিউটার সোর্সের পরিচালক এইউ খান জুয়েল, প্রধান প্রশাসনিক কর্মকর্তা আলী নূর তালুকদার, ব্যবস্থাপক (রিটেইল মার্কেটিং, অপারেশন) আব্দুল হালিম ব্যবসায়ী, সমিতির সভাপতি তৌফিক এহসান ও সাধারণ সম্পাদক সুব্রত সরকার উপস্থিত ছিলেন ◆

## জেঅ্যান্ডডব্লিউ ব্র্যান্ডের মাদারবোর্ড



নিউরাল জেঅ্যান্ডডব্লিউ ব্র্যান্ডের তিন বছরের ওয়ারেন্টিসহ ইন্টেল চিপসেট মাদারবোর্ড এনেছে। জেডব্লিউ-এইচ৬১এম-ডি৩ মডেলের মাদারবোর্ড ইন্টেল থার্ড জেনারেশন প্রসেসর, সেকেন্ড জেনারেশন কোরআই সিরিজ ও পেন্টিয়াম প্রসেসর, ১৩৩৩/১০৬৬ ডুয়াল চ্যানেল মেমরি সাপোর্ট করার পাশাপাশি ইন্টিগ্রেটেড এইচডিএমআই, ডিভিআই, ভিজিএ আউটপুট, পিসিআই এক্সপ্রেস সেকেন্ড জেনারেশন স্লট, সাটা২ গিগাবিট ল্যান, ৬ চ্যানেল হাই ডেফিনেশন অডিও এবং ইন্টেল ইন্ট্রু থ্রিডি সুবিধা রয়েছে। দাম ৫,০০০ টাকা। যোগাযোগ : ০১৮৪১২৯৯০৬১ ◆

## এইচপি কম্প্যাক বিজনেস পিসি বাজারে

স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড বাজারে এনেছে এইচপি কম্প্যাক ৬২০০ প্রো বিজনেস পিসি। ইন্টেল সেকেন্ড জেনারেশন কোরআই-৩ (৩.৩০ গিগাহার্টজ) প্রসেসরের ব্র্যান্ড পিসিটিতে ইন্টেল কিউ৬৫ এক্সপ্রেস চিপসেট, ৪ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ৫০০



গিগাবাইট হার্ডডিস্ক ড্রাইভ, ইন্টেল এইচডি গ্রাফিক্স ২০০০, এইচপি সুপার মাল্টি ডিভিডি রাইটার, এইচপি ইউএসবি কীবোর্ড, অপটিক্যাল মাউস, এইচপি ১৮.৫ ইঞ্চি এলইডি মনিটর রয়েছে। ৩ বছরের এইচপি স্ট্যান্ডার্ড ওয়ারেন্টিসহ দাম ৪৬,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৩ ◆

## আসুসের আরওজি সিরিজের তৃতীয় প্রজন্ম প্রসেসরের গেমিং ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড (প্রাইভেট) লিমিটেড বাজারে এনেছে আসুসের আরওজি সিরিজের জি৫৫ভিডব্লিউ মডেলের নতুন হাই অ্যান্ড গেমিং ল্যাপটপ। এতে ২.৩ গিগাহার্টজ ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৭ প্রসেসর, থ্রিডি এলইডি ব্যাকলাইটের ১৫.৬ ইঞ্চির ডিসপ্লে, ২ জিবি জিডিডিআর-৫ ভিডিও মেমরির অত্যাধুনিক এনভিডিয়া জিফোর্স জিটিএক্স৬৬০এম চিপসেটের গ্রাফিক্স, ১৬০০ বাসের ৮ জিবি ডিডিআর-৩ র‌্যাম, ১ টেরাবাইট হার্ডডিস্ক রয়েছে। এছাড়া এইচডি ওয়েবক্যাম, ওয়্যারলেস ল্যান, গিগাবিট ল্যান, মেমরি কার্ড রিডার, ব্লু-টুথ ৪.০, ৪টি ইউএসবি ৩.০ পোর্ট, এইচডিএমআই পোর্ট, ভিজিএ পোর্ট সুবিধা রয়েছে। দাম ১ লাখ ৪৬ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩ ২৫৭ ৯৪২ ◆

## নতুন সুইচ স্লিম কীবোর্ড বাজারে

কমপিউটার সিটি টেকনোলজিস লি. বাজারে এনেছে ভ্যালুটপ ব্র্যান্ডের আরামদায়ক স্কিজর-সুইচ স্লিম ডব্লিউ ৬০১০ মডেলের কীবোর্ড। দ্রুতগতিতে কাজ করতে আরামদায়ক এবং স্ক্রল লক, নাম্বার লক, ভলিউম কন্ট্রোল, স্ক্রিন স্ন্যাপ শটের জন্য অতিরিক্ত বাটন ছাড়াও বাংলা টাইপের জন্য বাংলা ছাপা কী রয়েছে। দাম ৭০০ টাকা। যোগাযোগ : ৯৬৭০৩৭৩, ৯৮৮৭৬৭৩ ◆

## ফ্রি ল্যাপটপ সার্ভিস


বিজয়ের মাস উপলক্ষে আধুনিক প্রযুক্তি ও দক্ষ ইঞ্জিনিয়ারের মাধ্যমে ল্যাপটপ সার্ভিস সেন্টার অ্যামাস টেকনোলজি ফ্রি ল্যাপটপ সার্ভিস সপ্তাহ চালু করেছে। পুরো বিজয়ের মাসে প্রতি শুক্র ও শনিবার ব্যবহারকারীরা যেকোনো ব্র্যান্ডের ল্যাপটপ ফ্রি সার্ভিসিং করাতে পারবেন। যোগাযোগ : ০১১৯১১১২২২৭, ৯৬১৩০০৭ ◆

## এফোরটেকের নতুন মিনি ওয়েবক্যাম




ড্রাইভার সফটওয়্যার ইনস্টল করা ছাড়াই পিসিতে ভিডিও কল, নেটমিটিং সুবিধার ১৬ মেগাপিক্সেলের এফোরটেকের পিকে-৩৩১এফ মডেলের নতুন মিনি ওয়েবক্যাম এনেছে গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড। অন্ধকার বা কম আলোর রুমেও স্বচ্ছ ইমেজ ধারণ এবং স্বচ্ছ শব্দ আদান প্রদানে রয়েছে ম্যাজিক ইফেক্টের বিল্ট-ইন মাইক্রোফোন। এছাড়া মনিটরে লাগিয়ে রাখার জন্য রয়েছে ক্লিপ। দাম ১,৮০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪ ◆

## গিগাবাইট মাদারবোর্ডের সাথে মানিব্যাগ ফ্রি



স্মার্ট টেকনোলজিস গিগাবাইট ব্র্যান্ডের সব মাদারবোর্ডের সাথে উপহার হিসেবে মানিব্যাগ দিচ্ছে। হাই কনফিগারেশনের গ্রাফিক্সের কাজ ও গেমিংয়ের জন্য বিশেষভাবে তৈরি মডেলের নতুন মাদারবোর্ডগুলো হলো জিএ জি১ স্নাইপার ৩, জিএ জি১ স্নাইপার এম৩ এবং জিএ-এক্স৭৯-ইউপি৪। উচ্চক্ষমতাসম্পন্ন মাদারবোর্ড তিনটির দাম যথাক্রমে ৩২,০০০, ১৭,৫০০ এবং ২৫,৫০০ টাকা ◆

## এডেটার ইউএসবি ৩.০ ইন্টারফেসের পোর্টেবল হার্ডডিস্ক



সুপারস্পিড ৩.০ ইন্টারফেসের এবং ইউএসবি ২.০ সমর্থিত এডেটা ব্র্যান্ডের এইচভি৬১০ মডেলের পোর্টেবল হার্ডডিস্ক এনেছে গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড। ৩ বছরের ওয়ারেন্টিসহ ৫০০ গিগাবাইট ও ১ টেরাবাইট হার্ডডিস্কের দাম ৫,৮০০ এবং ৮,২৫০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪ ◆

## প্রোলিঙ্কের বাজেটবান্ধব তিনটি নতুন রাউটার



ঘরোয়া বা মাঝারি মানের অফিসে ইন্টারনেট সংযোগ শেয়ারের জন্য নতুন তিনটি রাউটার বাজারে এনেছে কমপিউটার সোর্স। প্রোলিঙ্ক ব্র্যান্ডের পিআরএন২০০১, পিআরএন৩০০১ এবং পিডব্লিউএইচ২০০৪ রাউটার ঘরের ভেতরে ১০০ মিটার এবং বাইরে ৩০০ মিটারের মধ্যে নিরবচ্ছিন্ন সংযোগের নিশ্চয়তা দেয়। দাম যথাক্রমে ১ হাজার ৬৫০ টাকা, ১ হাজার ৯৫০ এবং ৩ হাজার ৫০০ টাকা। পিডব্লিউএইচ২০০৪ রাউটারে প্যারেন্টাল কন্ট্রোলের মাধ্যমে অযাচিত ওয়েবসাইট নিয়ন্ত্রণ করা যায়। তিন বছরের বিক্রয়োত্তর সেবা পাওয়া যাবে ◆

## আসুস এন-সিরিজের নোটবুক



গ্লোবাল ব্র্যান্ড আসুসের এন-সিরিজের এন৪৬ভিএম মডেলের নতুন নোটবুক এনেছে। রেডডট ডিজাইন ২০১২ পুরস্কারপ্রাপ্ত ১৪ ইঞ্চির এইচডি প্রযুক্তি এবং ১৫০ ডিগ্রি ওয়াইড ভিউয়িং অ্যাঙ্গেলের ডিসপ্লে সুবিধার পাশাপাশি ত্রিমাত্রিক অ্যাপ্লিকেশন এবং গেম খেলা সম্ভব। এতে ২.৩ গিগাহার্টজ গতির ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই-৭ প্রসেসর, ৪ জিবি র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ২ জিবি ভিডিও মেমরির এনভিডিয়া জিফোর্স জিটি৬৩০এম ভিডিও গ্রাফিক্স। এছাড়া ওয়্যারলেস ল্যান, গিগাবিট ল্যান, ব্লুটুথ ৪.০, ডিভিডি রাইটার, ওয়েবক্যাম, মেমরি কার্ড রিডার, ৩টি ইউএসবি ৩.০, এইচডিএমআই পোর্ট রয়েছে। দাম ৮৬,০০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২ ◆

## 'গল্পকথা' লিখে নেপাল ভ্রমণ প্রতিযোগিতায় পাঠক ভোট শুরু

গত ২৫ নভেম্বর হলো প্রথম কমপিউটার কেনার গল্প লিখে তিন দিনের নেপাল ভ্রমণ প্রতিযোগিতা। দেশের শীর্ষ তথ্যপ্রযুক্তি পণ্য বিপণন ও সেবাদানকারী প্রতিষ্ঠান কমপিউটার সোর্স আয়োজিত প্রথম কমপিউটার কেনার 'গল্পকথা' লেখার অনলাইন প্রতিযোগিতায় জমা পড়েছে ৩১১টি গল্পকথা। গত ১০ অক্টোবর শুরু হওয়া এই প্রতিযোগিতার জমা পড়া লেখা থেকে নির্বাচিত ২০টি লেখা খুব শিগগিরই পাঠকপ্রিয়তা নির্ধারণে ফেসবুকে কমপিউটার সোর্সের ফ্যানপেজে প্রকাশ করা হবে। এছাড়া জমা পড়া লেখাগুলোর প্রযুক্তিলিপি ব্লগে (http://www.projuktilipi.com) ইতোমধ্যেই প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, প্রকাশিত লেখার মধ্য থেকে পাঠকের পছন্দের ভিত্তিতে নির্বাচন করা হবে সেরা ৩টি গল্পকথা। সেরা লেখা নির্বাচনে ব্যক্তিপরিচয় স্বতন্ত্র রাখতে লেখকের নাম ও পরিচয় গোপন রেখে কোড নম্বর ব্যবহার করা হচ্ছে ◆

## স্যামসাংয়ের নতুন মাল্টিফাংশনাল প্রিন্টার

স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড বাজারে এনেছে স্যামসাং ব্র্যান্ডের এসসিএক্স ৩৪০১ মডেলের নতুন মাল্টিফাংশনাল প্রিন্টার। এতে



একসাথে প্রিন্ট, কপি, স্ক্যানিংসহ ৪৩৩ মেগাহার্টজ প্রসেসর এবং ৬৪ মেগাবাইট মেমরি রয়েছে। এটি ১২০০ বাই ১২০০ রেজ্যুলেশনের আউটপুট দেয়ার পাশাপাশি ফটোকপির ক্ষেত্রে ডকুমেন্টের ২৫ থেকে ৪০০ শতাংশ পর্যন্ত জুমে কপি করতে পারে। এতে ওয়ান টাচ স্ক্রিন প্রিন্ট এবং ইকো মোডে প্রিন্ট ও দুই বছরের বিক্রয়োত্তর সেবা পাওয়া যাবে। দাম ২০,০০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৬ ◆

## হিটাচি ব্র্যান্ডের ইন্টারঅ্যাকটিভ হোয়াইট বোর্ড



বাজারে এসেছে হিটাচি ব্র্যান্ডের নতুন ইন্টারঅ্যাকটিভ হোয়াইট বোর্ড এফএক্স-ট্রায়ও ৭৭। একসাথে তিনজন কাজ করতে সক্ষম হোয়াইট বোর্ডে আঙ্গুল বা কলম ব্যবহার করে। ৭৭ ইঞ্চি অ্যাকটিভ এরিয়ার বোর্ডে ইনফ্রারেড ইমেজ সেন্সর সিস্টেমের পাশাপাশি সরাসরি বিদ্যুতের কানেকশন ছাড়াই কন্ট্রোল করা সম্ভব। এতে ১৬টি ফাংশন বাটন এবং স্টার বোর্ড সফটওয়্যার রয়েছে। যোগাযোগ : ০১৭৫৫৫৭৯৭৭৬ ◆

## এইচপির ডিভিডি রাইটার বাজারে



কমপিউটার ভিলেজ বাজারে এনেছে এইচপির ইন্টারনাল এবং এক্সটারনাল ডিভিডি রাইটার। এটি ৮এক্স গতিতে ডিভিডি রাইট করে ও ২৪এক্স গতিতে সিডি রাইট করে। বহনযোগ্য এই এক্সটারনাল রাইটারগুলো বেশ স্লিম ও সুন্দর দেখতে। এইচপির ইন্টারনাল রাইটারগুলো সর্বোচ্চ ২৪এক্স গতিতে ডিভিডি রাইট করতে পারে। যোগাযোগ : ০১৭১৩২৪০৭৩২ ◆

## ইপিক কম্পিটিবল টোনার

আইএসও ৯০০১:২০০০ সার্টিফাইড প্লান্টে উৎপাদিত ইপিক কম্পিটিবল টোনার বাজারে এনেছে নিউরাল ব্র্যান্ড আইটি লিমিটেড। প্রিন্ট পানি প্রতিরোধক এবং পরিবেশবান্ধব টোনার ওইএম টোনারের সমপরিমাণ প্রিন্ট দেয়ার পাশাপাশি সাশ্রয়ী এবং প্রিন্টারের ওয়ারেন্টি বাতিল করবে না। এটি এইচপি, ক্যানন, স্যামসাং লেজার প্রিন্টারের ইপিক কম্পিটিবল টোনার। যোগাযোগ : ০১৮৪১২৯৯০৬১ ◆

## অনলাইনে বই কেনাবেচার নতুন সাইট


'সবার হাতে বই' স্লোগানে অনলাইনে বই কেনাবেচার সুবিধা নিয়ে নতুন ওয়েবসাইট (www.bookshelfbd.com) প্রকাশ করেছে 'বুকসেলফ লিমিটেড'। প্রতিষ্ঠানের চেয়ারম্যান মো. হায়াত উল্লাহর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বাধীন বাংলা সুপার মার্কেটের সেক্রেটারি আনোয়ার হোসেন লিটু, প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক মাহমুদুল হক প্রমুখ। এতে রয়েছে অনলাইন ও অফলাইন দুই পদ্ধতিতেই বই কেনার ব্যবস্থা রাখা হয়েছে। এতে দেশ-বিদেশের বিভিন্ন বইয়ের সর্বশেষ তথ্য পাঠককে সরবরাহ করা, অনলাইন, টেলিফোন ও ডাকযোগে বইয়ের অর্ডার নেয়া, হোম ডেলিভারি সার্ভিসের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত পাঠকের কাছে বই পৌঁছে দেয়া ◆

## আসুসের ১১.৬ ইঞ্চি ডিসপ্লের ই-পিসি নেটবুক



উন্নতমানের মাল্টিমিডিয়া এবং গেম উপভোগের জন্য বাজারে এসেছে আসুসের এমডি রেডিয়ন এইচডি৬২৯০ চিপসেটের বিল্ট-ইন গ্রাফিক্স, ১.০ গিগাহার্টজ গতির এএমডি ডুয়াল কোর প্রসেসর এবং ১১.৬ ইঞ্চির ডিসপ্লের আসুসের ই-পিসি ১২২৫বি মডেলের নেটবুক। মাত্র ১.৪৪ কেজি ওজনের হালকা-পাতলা গড়নের নেটবুকে ৫০০ জিবি হার্ডডিস্ক, ওয়েবক্যাম, মেমরি কার্ড রিডার, ১০/১০০ ল্যান, এইচডি অডিও, ব্লুটুথ ৩.০, ২টি ইউএসবি ৩.০ পোর্ট, ১টি ইউএসবি ২.০ পোর্ট, ভিজিএ, এইচডিএমআই ইন্টারফেস সুবিধা রয়েছে। ২ জিবি ডিডিআর-৩ র‍্যাম ও ৪ জিবি ডিডিআর-৩ র‍্যাম নেটবুকের দাম যথাক্রমে ২৯,৫০০ এবং ৩০,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৫

## লজিটেকের দুটি নতুন হেডফোন



দুই বছরের রিপ্লেসমেন্ট সুবিধার লজিটেক ব্র্যান্ডের ম্যাক সমর্থিত ইউএসবি কানেকটেড এইচ৩৩০ মডেলের দুটি পশ হেডফোন বাজারে এনেছে কমপিউটার সোর্স। ৮ ফুট ক্যাবলের এই হেডফোনে সহজেই শব্দ নিয়ন্ত্রণ ও বন্ধ রাখা যায়। উভয় ফোনেই রয়েছে নয়েজ ক্যানসেলিং মাইক্রোফোন। যোগাযোগ : ০১৭৩০৩৩৪১৬৫

## স্যামসাং ব্র্যান্ডের নতুন প্রিন্টার বাজারে

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে স্যামসাং ব্র্যান্ডের এমএল২১৬৫ মডেলের নতুন লেজার প্রিন্টার। ২০ পিপিএম স্পিডের প্রিন্টারে রয়েছে ১২০০ বাই ১২০০ ডিপিআই, ১৫০ শিটের ট্রে, ৩০০ মেগাহার্টজ প্রসেসর, ৮ মেগাবাইট মেমরি সুবিধা। এটি এ৪, এ৫, লিগ্যাল, এক্সিকিউটিভ, ফলিও, অফিসিও, আইএসও বি৫, জিআইএস বি৫ এবং এনভেলপ সাইজের কাগজ প্রিন্ট করতে সক্ষম। দুই বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৭,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৬



## ইজেড কুল পিসি কেসিং



ভালো পাওয়ার সাপ্লাইসহ ছোট স্পেসে কাজের সুবিধায় মাইক্রোএটিএক্স ইজেড পিসি কেসিং বাজারে এসেছে। এতে স্পেশাল পাওয়ার বাটন ব্লু হাইলাইট লিড, ডুয়াল ইউএসবি ও অডিও পোর্ট, ইউজার ফ্রেন্ডলি রি-স্ট্রট বাটন, ৮০ মি.মি. ব্যাক কুলিং ফ্যান, সাপোর্ট স্ট্যান্ডার্ড মাইক্রোএটিএক্স মাদারবোর্ড ব্যবহার করা যায়। যোগাযোগ : ০১৮৪১২৯৯০৬১

## নতুন লাইফবুক ফুজিৎসু এলএইচ৭৭২



এইচডি গেমিং ও মুভি দেখার জন্য বিশেষভাবে তৈরি ফুজিৎসু ব্র্যান্ডের কোরআইথ্রি প্রসেসরের ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার নতুন লাইফবুক এলএইচ৭৭২ বাজারে এসেছে। এতে ২ জিবি এনভিডিয়া গ্রাফিক্স (৬৪০এম), ২ জিবি র‍্যাম এবং ডিটিএস বুস্ট সাউন্ড সুবিধা ও ৫০০ জিবি হার্ডডিস্ক রয়েছে। ১০টি আলাদা নিউমেরিক কী এ লাইফবুকে ফিঙ্গারপ্রিন্ট সেন্সর নিরাপত্তা সুবিধার পাশাপাশি ডাস্ট ফ্রি প্রযুক্তি, ব্লু-টুথ৪, ইউএসবি থ্রি পোর্ট, ওয়াইফাই, গিগাবিট ল্যান ও এইচডি ওয়েব ক্যাম রয়েছে। দাম ৮৩,০০০ টাকা। তবে সাদা রঙের জন্য লাগবে বাড়তি ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৩৬৭৫১

## সিনেট ব্র্যান্ডের নতুন রাউটার বাজারে




স্মার্ট টেকনোলজিস (বিডি) লি. বাজারে এনেছে ১৮ মাসের রিপ্লেসমেন্ট ওয়ারেন্টির সিনেট ব্র্যান্ডের ডব্লিউএনআইআর ৫১৮০ মডেলের ওয়ারলেস হোম রাউটার। ক্যাবল, ডিএসএল, ডায়নামিক আইপি, স্ট্যাটিক আইপি এবং আইসিএনপিএ সমর্থিত রাউটারে রয়েছে ২টি ১০/১০০ এমবিপিএস ওয়্যান পোর্ট এবং ১৫০ মেগাবিট পার সেকেন্ড উচ্চগতির ওয়্যারলেস সংযোগ সুবিধা। সব অপারেটিং সিস্টেম সাপোর্টেড এই রাউটারে ঘরের ভেতর ২০০ মিটার এবং ঘরের বাইরে ৫০০ মিটার পর্যন্ত নেটওয়ার্ক স্থাপন করা যায়। এতে ব্যান্ডউইডথ কন্ট্রোল ও অপ্রয়োজনীয় সাইট ব্লক করার সুবিধা রয়েছে। দাম ২,৭০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১৩

## এফোরটেকের হোললেস ইঞ্জিনের ওয়্যারলেস মাউস



ময়লা ও তরল জাতীয় পদার্থ থেকে মুক্ত সেন্সর প্রযুক্তির নির্ভুল ও নিখুঁত নির্দেশনা দিতে সক্ষম এফোরটেক ব্র্যান্ডের জি১১-৫৭০এইচএক্স মডেলের নতুন ওয়্যারলেস মাউস এনেছে গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড। এতে রিচার্জেবল ব্যাটারির ওয়্যারলেস মাউসটি রিসিভার থেকে সর্বোচ্চ ১৫ মিটার দূরত্বেও কাজ করে। এছাড়া পাওয়ার সেভিং ম্যানেজমেন্ট, নো-ল্যাগ টেকনোলজি, ফোরওয়ে হুইল রয়েছে। দাম ১,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪

## হিটাচি ব্র্যান্ডের নতুন শর্ট থ্রো প্রজেক্টর




ইউনিক বিজনেস সিস্টেমস লি. বাজারে এনেছে হিটাচি ব্র্যান্ডের নতুন মডেলের শর্ট থ্রো প্রজেক্টর সিপি-এ ২২২ ডব্লিউ এন। ২২০০ ব্রাইটনেস এবং ১০২৪ বাই ৭৬৮ রেজ্যুলেশনের এই প্রজেক্টরে ওয়াইড এবং লার্জ ইমেজ দেখানো সম্ভব। এতে এইচডিএমআই ইমপোর্ট সুবিধা ছাড়াও হাই কোয়ালিটি প্রজেক্টরে রয়েছে ৪০০০:১ হাই কন্ট্রাস্ট রেশিও, লো নয়েজ লেভেল, পাওয়ার সেভিং মুড। ওজন ৩.৮ কেজি। যোগাযোগ : ০১৭৩০০৪৪৪০৫-১৩

## ব্রাদারের কালার ইঙ্কজেট অল ইন ওয়ান প্রিন্টার



প্রফেশনাল সিরিজের লেজার প্রিন্ট, কপি, স্ক্যান, ফ্যাক্স করার পাশাপাশি উভয় পৃষ্ঠায় প্রিন্ট দেয়া যায় এমন এ-থ্রি সাইজের ব্রাদার ব্র্যান্ডের এমএফসি-জে৫৯১০ডিডব্লিউ মডেলের কালার ইঙ্কজেট অল ইন ওয়ান প্রিন্টার বাজারে এসেছে। এর সাদা-কালো প্রিন্টের গতি ৩৫ পিপিএম, কালার প্রিন্টের গতি ২৭ পিপিএম, প্রিন্ট রেজ্যুলেশন ৬০০০ বাই ১২০০ ডিপিআই। এতে রয়েছে বিল্ট-ইন ওয়্যারলেস এবং ইথারনেট নেটওয়ার্ক অ্যাডাপ্টার। এছাড়া ডিজিটাল মিডিয়া কার্ড, পিকটব্রিজ ইন্টারফেসের ডিজিটাল ক্যামেরা অথবা ইউএসবি ফ্ল্যাশড্রাইভ থেকে ফটো প্রিন্ট করা যায়। দাম ১৯,০০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩২৯

## নিউরাল ব্যাক টু স্কুল পিসি



নিউরাল ব্র্যান্ড আইটি লিমিটেড শিক্ষার্থীদের জন্য নিয়ে এলো নিউরাল ব্যাক টু স্কুল পিসি। ইন্টেল ডুয়ালকোর হাইপারথ্রেড সাপোর্ট করে অ্যাটম প্রসেসর ডি২৫৫০জিটি (টু কোর, ফোর থ্রেড ১ মেগা. এলটু ক্যাশ)। ইন্টেল প্লাটফর্ম জেঅ্যান্ডডব্লিউ মাদারবোর্ড, ২ জিবি ডিডিআর ৩ র‍্যাম, ৫০০ জিবি হার্ডড্রাইভ, ডিভিডি রাইটার, ১৫ ইঞ্চি এলসিডি মনিটর, ক্যাসিং, কীবোর্ড, মাউস ও স্ট্যান্ডার্ড ওয়ারেন্টিসহ দাম ২০,৫০০ টাকা। যোগাযোগ : ০১৮৪১২৯৯০৬৫

## বাজারে পাওয়া যাচ্ছে জিটিএক্স ৬৫০ এএমপি গ্রাফিক্স কার্ড

বাজারে পাওয়া যাচ্ছে জিটিএক্স ৬৫০ এএমপি ভার্সনের গ্রাফিক্স কার্ড। ৫৬০০ মেগাহার্টজ মেমরি ক্লকস্পিডের কার্ডে রয়েছে ২ জিবি ডিডি৫ মেমরি, কোর ক্লক ১১৮৯, রেজ্যুলেশন ২৫৬০ বাই ১৬০০, ১২৮ বিট মেমরি ইন্টারফেস। যোগাযোগ : ০১৭১৩২৪০৭৩২